



তারিখঃ- ১৪.১০.২০২৬

পুজার ছুটি ও বিশেষ কার্য ব্যবস্থা সম্পর্কিত বিজ্ঞপ্তি

কলেজের শিক্ষাপঞ্জি এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ০৬.১০.২০২৬ তারিখের IC/Academic Calendar/2026-2027/3200 নং বিজ্ঞপ্তি অনুসারে সকল ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মীদের নিম্নলিখিত বিষয়গুলি অবগতির জন্য জানানো হচ্ছে :-

১৫.১০.২০২৬ - ২৬.১০.২০২৬: দুর্গাপূজা ও লক্ষ্মীপূজা উপলক্ষে কলেজ বন্ধ থাকবে।

২৭.১০.২০২৬-০৭.১১.২০২৬: কলেজ বন্ধ থাকবে। তবে ২৮.১০.২০২৬ তারিখ ও ০৩.১১.২০২৬ তারিখ নিম্নলিখিত নির্দিষ্ট কাজের জন্য কলেজ খোলা থাকবে।

২৮.১০.২০২৬-বিশেষ কর্মদিবস: অফিস ও গ্রন্থাগারের কাজের জন্য কলেজের অফিস ও গ্রন্থাগার খোলা থাকবে। সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকাদের SEC/VAC উত্তরপত্র বণ্টন করা হবে এবং তাঁরা ওই দিন উত্তরপত্র সংগ্রহ করতে পারবেন। এই কাজগুলির জন্য প্রয়োজনীয় কর্মীদের উপস্থিতি থাকতে হবে।

০৩.১১.২০২৬-বিশেষ কর্মদিবস: শুধুমাত্র B.Ed Sem-I এর ছাত্রছাত্রী দের Biometric Attendance সংক্রান্ত কাজ হবে ও ঐ দিন B.Ed Sem-I এর Offline এ ক্লাস হবে। এই কাজগুলির জন্য প্রয়োজনীয় কর্মীদের উপস্থিতি থাকতে হবে। ঐ দিন B.Ed Sem-I এর ছাত্রছাত্রী দের কলেজে উপস্থিতি থাকতে হবে।

২৭.১০.২০২৬-০৭.১১.২০২৬ সময়ের পঠনপাঠন: বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুসারে, পরিস্থিতি ও শিক্ষাগত প্রয়োজন বিবেচনা করে অনলাইন অথবা অফলাইন পদ্ধতিতে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকা/বিভাগীয় প্রধান/বিভাগ গ্রহণ করতে পারবেন।

অফলাইন ক্লাসের পরিকল্পনা থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে অধ্যক্ষকে আগাম জানাতে হবে। অনুষ্ঠিত ক্লাসের রেকর্ড সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকা/বিভাগ সংরক্ষণ করবেন এবং পরিশেষে IQAC Coordinator এর Mail এ পাঠাবেন।

০৮.১১.২০২৬-১২.১১.২০২৬: কালীপূজা ও ভাদ্রদ্বিতীয়া উপলক্ষে কলেজ বন্ধ থাকবে। অতএব, সামগ্রিকভাবে

১৩.১১.২০২৬ ও ১৪.১১.২০২৬: কলেজ খোলা থাকবে এবং স্বাভাবিক পঠনপাঠন ও প্রশাসনিক কাজ চলবে।

১৫.১১.২০২৬-১৬.১১.২০২৬: ছটপূজা উপলক্ষে কলেজ বন্ধ থাকবে। ১৭.১১.২০২৬ এবং ১৮.১১.২০২৬ কার্তিক পূজা এবং জগদ্ধাত্রী পূজা উপলক্ষে কলেজ বন্ধ থাকবে। কলেজ বন্ধ থাকাকালীন জরুরি প্রয়োজনে অথবা সরকারি বা বিশ্ববিদ্যালয়ের নির্দেশ পালনের জন্য সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকা ও কর্মীদের উপস্থিতি থাকতে বলা হতে পারে।

১৯.১১.২০২৬ তারিখ পুনরায় কলেজের স্বাভাবিক কাজকর্ম শুরু হবে।

নির্মলেন্দু মজুমদার
অধ্যক্ষ
কাটোয়া কলেজ
২৪/১০/২০২৬

Principal
KATWA COLLEGE

